

# ভোরের কাগজ

ভোরের কাগজ, ২০১৯-০৬-১৪, পৃষ্ঠা-০১



**ফরাসউদ্দিন আহমেদ**

সাবেক গভর্নর, কেন্দ্রীয় ব্যাংক

## বাজেট অত্যন্ত সমৃদ্ধিশালী

এবারের একটি সমৃদ্ধিশালী বাজেট প্রস্তাব করা হয়েছে। অনেকগুলো ভালো দিক আছে। খারাপ দিক আছে ২-৩টি।

বাজেট প্রস্তাবনায় রাজস্ব আদায়ের যে লক্ষ্য সরকার ঠিক করেছে, সেজন্য অনেক খাটতে হবে, বাড়াতে হবে

➤ এরপর-পৃষ্ঠা ১১ কলাম ১

## বাজেট অত্যন্ত

### ● প্রথম পাতার পর

এডিপি বাস্তবায়নের দক্ষতা। নতুন বাজেটে শিক্ষা ও স্বাস্থ্য খাতে বরাদ্দ বেশ বেড়েছে। এ প্রস্তাবনায় বাংলাদেশের অর্থনীতি ইতিবাচক পথে থাকারই ইঙ্গিত দেয় বলে আমি মনে করি। আমার বিবেচনায় এই বাজেট মোটেই উচ্চাভিলাষী নয়। সার্বিক বিবেচনা থেকে এবারের বাজেটকে জাতির পিতা শেখ মুজিবুর রহমানের 'অর্থনৈতিক মুক্তির পথে নিয়ে যাওয়ার বাজেট' অভিহিত করেছেন তার সাবেক একান্ত সচিব ফরাসউদ্দিন।

তবে রাজস্ব আদায়ের যে লক্ষ্য ধরা হয়েছে তা পূরণ করতে 'অনেক চেষ্টা করতে হবে। ১৬ কোটি মানুষের দেশে মাত্র ১২ লাখ লোক কর দেয়। এই সংখ্যা না বাড়াতে পারলে রাজস্বও বাড়বে না। কর কর্মকর্তাদের অনেক বেশি মেহনত করতে হবে। আন্তরিক হতে হবে। সেই সঙ্গে এডিপি বাস্তবায়ন বাড়াতে অবশ্যই জোর দিতে হবে। কাজের মান নিশ্চিত করতে হবে। বাস্তবভিত্তিক প্রকল্প নিতে হবে। রাজনৈতিক বিবেচনায় কোন প্রকল্প নিলে হবে না। মানুষের উপকার হয়, দেশের উন্নয়ন হয়-এমন প্রকল্পই নিতে হবে।